Consumer and
Worker Protection

# অধিকার সম্পর্কিত নোটিশ:
# নির্মাণ শ্রমিক

আপনি যদি কোন নির্মাণ শ্রমিক সরবরাহকারীর জন্য কাজ করেন,[1] **তাহলে অভিবাসন অবস্থা অথবা পূর্ববর্তী গ্রেপ্তারের ইতিহাস নির্বিশেষে** আপনার রয়েছে অধিকার। NYC উপভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ (NYC Department of Consumer and Worker Protection) এর লাইসেন্সপ্রাপ্ত কোনও, আপনাকে অবশ্যই এই নোটিশটি ইংরেজি এবং আপনার মাতৃভাষায় প্রদান করতে হবে।

**এই নোটিশটি সাবধানে পড়ুন, স্বাক্ষর করুন এবং একটি কপি সংরক্ষণ করুন।**

## নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি

চিকিৎসার প্রয়োজনে বা গার্হস্থ্য সহিংসতা বা গোপনে অনুসরণ করা থেকে নিরাপত্তা খুঁজতে আপনার নিজের অথবা আপনি পরিবার মনে করেন এমন কারও দেখাশোনা করার জন্য, নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি পাওয়ার অধিকার আপনার আছে। আপনার নিয়োগকর্তার পরিধির আকারের উপর ভিত্তি করে আপনি প্রতি 30 ঘন্টা কাজের জন্য 1 ঘন্টা হারে নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি পাবেন, বছরে 40 অথবা 56 ঘন্টা পর্যন্ত।

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই যা করতে হবে:

- আপনার সুবিধাগুলি কীভাবে ব্যবহার করবেন তা ব্যাখ্যা করে আপনাকে একটি লিখিত নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটির নীতি (policy) প্রদান করবেন।
- আপনাকে বলবেন আপনি কতটা নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করেছেন এবং কী পরিমাণ অবশিষ্ট আছে।

⇒ আরও জানতে বা অভিযোগ দায়ের করতে, ভোক্তা ও কর্মী সুরক্ষার NYC উপভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ (NYC Department of Consumer and Worker Protection)-এর সাথে যোগাযোগ করুন:

কল করুন **311** । ভিজিট করুন nyc.gov/workers

## নিরাপদ এবং স্বাস্থ্যকর কর্মক্ষেত্র

আপনার কর্মক্ষেত্র অবশ্যই অবগত স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকি মুক্ত হতে হবে। আপনি কোনো সম্ভাব্য বিপজ্জনক কাজ আরম্ভ করার পূর্বে আপনি বুঝতে পারেন এমন ভাষায় আপনার নিয়োগকর্তার কাছ থেকে তথ্য এবং প্রশিক্ষণ পাওয়ারও অধিকার আপনার রয়েছে।

⇒ আরও জানতে বা অভিযোগ দায়ের করতে, পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA)-এর সাথে যোগাযোগ করুন:

কল করুন 800-321-OSHA (**800-321-6742**) । ভিজিট করুন OSHA.gov

[1] নির্মাণ শ্রমিক সরবরাহকারী হচ্ছেন একজন ব্যক্তি যিনি পারিশ্রমিকের বিনিময়ে নিউ ইয়র্ক সিটিতে তাদের নির্মাণ সাইটের জন্য তৃতীয় পক্ষের ক্লায়েন্টদেরকে কভারকৃত নির্মাণ শ্রমিক নিয়োগ প্রদান এবং সরবরাহ করেন।

এছাড়াও, আপনার নিয়োগকর্তা আপনাকে একটি বৃহৎ নির্মাণ সাইটে নিয়োগ করার আগে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনি কমপক্ষে 40 ঘন্টা নিরাপত্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। আপনাকে অবশ্যই একটি সাইট নিরাপত্তা প্রশিক্ষণ কার্ড পেতে হবে এবং এটি নির্মাণ সাইটে আপনার সাথে থাকবে।

⇒ আরও জানতে বা অভিযোগ দায়ের করতে, ভ NYC ভবন বিভাগ (NYC Department of Buildings)-এর সাথে যোগাযোগ করুন:

কল করুন **311** / ভিজিট করুন nyc.gov/dobhelp

## প্রয়োজনীয় লিখিত নোটিশ

আপনি একটি কর্মসংস্থান চুক্তিতে স্বাক্ষর করার আগে অথবা নির্মাণ শ্রমিক সরবরাহকারীর জন্য কাজ করতে সম্মত হওয়ার আগে, আপনার ভবিষ্যত নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে একটি **সার্টিফিকেশন নোটিশ (Notice of Certification)** দিতে হবে যা আপনাকে অবহিত করে:

- আপনার কাজ করার জন্য প্রয়োজনীয় যেকোনো সার্টিফিকেশন, প্রশিক্ষণ বা অন্যান্য পদবী;
- প্রত্যাশিত ব্যয়; এবং
- আপনার নিয়োগকর্তা অর্থ প্রদান করবেন কিনা।

আপনি একটি নতুন নির্মাণ সাইটে যাওয়ার আগে, নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে একটি **নিয়োগ বিজ্ঞপ্তি (Notice of Assignment)** দিতে হবে যা আপনাকে অবগত করে:

- আপনি যে কাজটি করবেন;
- আপনার প্রয়োজন হবে এমন সরঞ্জাম এবং প্রতিরক্ষামূলক পোশাক;
- কর্মঘন্টা যা আপনি কাজের ক্ষেত্রে প্রত্যাশা করতে পারেন;
- কাজটি কতটা সময় স্থায়ী হবে বলে প্রত্যাশা রয়েছে;
- বেতন এবং সুবিধা, শ্রমিকদের পারিশ্রমিক কভারেজ সহ।

⇒ আরও জানতে বা অভিযোগ দায়ের করতে, র NYC উপভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ (NYC Department of Consumer and Worker Protection)-এর সাথে যোগাযোগ করুন:

কল করুন **311** । ভিজিট করুন nyc.gov/workers

## ন্যূনতম পারিশ্রমিক এবং ওভারটাইম

নিউ ইয়র্ক সিটির জন্য ন্যূনতম পারিশ্রমিক প্রতি ঘন্টায় $15 মার্কিন ডলার।

আপনার নির্ধারিত শিফটের আগে এবং/অথবা পরের কৃত কাজ এবং আপনার নির্ধারিত শিফট চলাকালীন ভ্রমণে ব্যয় করা সময় সহ আপনার কাজ করা প্রতিটি ঘন্টার জন্য আপনাকে অবশ্যই অর্থ প্রদান করতে হবে।

আপনি যদি সপ্তাহে 40 ঘন্টার বেশি কাজ করেন, তাহলে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই 40 ঘন্টার অতিরিক্ত কাজের ক্ষেত্রে ওভারটাইমের জন্য আপনাকে কাজ করা সময়ের দেড় গুণ সময়ের জন্য অর্থ প্রদান করতে হবে। *আপনার নিয়োগকর্তা আপনাকে দৈনিক হারে বা ফ্ল্যাট সাপ্তাহিক বেতন দিলেও আপনার এই অধিকার থাকবে।*

⇒ আরও জানতে বা অভিযোগ দায়ের করতে, নিউ ইয়র্ক রাজ্যের শ্রম দপ্তর (New York State Department of Labor)-এ যোগাযোগ করুন:

কল করুন **888-469-7365** । ভিজিট করুন labor.ny.gov

# শ্রমিকদের ক্ষতিপূরণ

আপনি যদি চাকরিকালে আহত হন অথবা অসুস্থতার কারণে অক্ষম হন তাহলে আপনার রয়েছে নগদ অর্থ সুবিধা এবং চিকিৎসা সেবা পাওয়ার অধিকার।

⇒ আরও জানতে, নিউ ইয়র্ক রাজ্যের শ্রমিক ক্ষতিপূরণ বোর্ড (New York State Workers' Compensation Board)-এর সাথে যোগাযোগ করুন:

কল করুন **877-632-4996** । ভিজিট করুন wcb.ny.gov

# বেকারত্ব বীমা

বেকারত্ব বীমা অস্থায়ী আয়ের সুযোগ প্রদান করে যদি আপনার নিজের কোনো ত্রুটি ছাড়াই আপনি চাকরি হারান।

⇒ আরও জানতে বা অভিযোগ দায়ের করতে, নিউ ইয়র্ক রাজ্যের শ্রম দপ্তর (New York State Department of Labor)-এ যোগাযোগ করুন:

কল করুন **888-469-7365** । ভিজিট করুন labor.ny.gov

# বৈষম্যমুক্ত কর্মক্ষেত্র

শহর, রাজ্য এবং ফেডারেল আইন একজন শ্রমিকের নিম্নোক্তগুলির প্রকৃত বা অনুভূত ভিত্তিতে বৈষম্য নিষিদ্ধ করে:

- বয়স
- বহিরাগত বা নাগরিকত্বের অবস্থা
- গ্রেফতার বা দোষী সাব্যস্ত হওয়ার ইতিহাস
- পরিচর্যাকারীর অবস্থা
- বর্ণ
- ভোক্তা ক্রেডিট ইতিহাস
- অক্ষমতা
- বংশ-গতি
- বৈবাহিক, অংশীদারিত্ব, বা পারিবারিক অবস্থা
- সামরিক পদমর্যাদা
- জাতীয়তার উৎস
- গর্ভাবস্থা
- জাতি
- ধর্ম/ধর্মমত
- স্ত্রী-পুরুষ ভেদ, লিঙ্গ বা লিঙ্গ পরিচয় (যৌন হয়রানি সহ)
- যৌন দৃষ্টিভঙ্গি
- ঘরোয়া সহিংসতা, গোপনে অনুসরণ এবং যৌন অপরাধের শিকারের অবস্থা
- বেকারত্বের অবস্থা

⇒ আরও জানতে বা অভিযোগ দায়ের করতে, NYC মানবাধিকার কমিশন (NYC Commission on Human Rights)-এর সাথে যোগাযোগ করুন:

কল করুন **311** । ভিজিট করুন nyc.gov/humanrights

# কোনো প্রতিশোধ নয়

অভিযোগ করা এবং লঙ্ঘনের রিপোর্ট করা সহ আইনের অধীনে তাদের অধিকার প্রয়োগ করার জন্য কর্মচারীদের হুমকি দেওয়া, শাস্তি দেওয়া বা চাকরিচ্যুত করা বেআইনি।

⇒ আরও জানতে বা অভিযোগ দায়ের করতে, ভোক্তা ও কর্মী সুরক্ষার NYC উপভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ (NYC Department of Consumer and Worker Protection)-এর সাথে যোগাযোগ করুন:

কল করুন **311** । ভিজিট করুন nyc.gov/workers

## শ্রমিকের স্বাক্ষরিত বিবৃতি (Statement):

আমি, ________________________________________________ [*মুদ্রণ নাম*], __________________ [তারিখ] এ নিয়োগ করা হয়েছে, আমার মাতৃভাষায় অধিকারের এই নোটিশটি পেয়েছি। আমার মাতৃভাষা হল ______________________ [মুদ্রণ ভাষা]। আমি এই নোটিশটি পড়েছি এবং বুঝেছি।

| | |
|---|---|
| ______________________ | ______________________ |
| শ্রমিককে নোটিশ প্রদান করার তারিখ | শ্রমিকের স্বাক্ষর |

**গুরুত্বপূর্ণ: আপনি আপনার মাতৃভাষায় এই নোটিশ পাওয়ার অধিকারী।**